


“নিলাম বিজ্ঞপ্তি”

“ঢাকা বিশ্ববিদ্যালয়ের পলাশীর মোড়ে বিশ্ববিদ্যালয়ের প্রবেশ মুখে পুরাতন সিকিউরিটি বক্স” যেখানে যে অবস্থায় আছে - সেই অবস্থায় প্রকাশ্যে নিলামে বিক্রয় করা হইবে। আগামী ২৯/০৩/২০২৩ তারিখ বেলা ১১.০০ ঘটিকার সময় নিলাম স্থলে (তত্ত্বাবধায়ক প্রকৌশলী (জোন-২) এর অফিস কক্ষের সামনে) নিলাম অনুষ্ঠিত হইবে।

নিলামে অংশ গ্রহনকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানকে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (জোন-২), ঢাকা বিশ্ববিদ্যালয় এর অনুকূলে ৪,০০০/- (চার হাজার) টাকার পে-অর্ডার (ফেরৎযোগ্য) জমা দিতে হইবে।

সর্বোচ্চ ডাককারীকে তাৎক্ষণিকভাবে মোট মূল্যের কমপক্ষে ১০% টাকা জামানত হিসাবে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (জোন-২), ঢাকা বিশ্ববিদ্যালয় এর অনুকূলে জনতা ব্যাংক, টি.এস.সি শাখায় জমা দিতে হইবে। কার্যাদেশ পাওয়ার ৩ দিনের মধ্যে অবশিষ্ট টাকা জনতা ব্যাংক, টি.এস.সি শাখায় জমা দিয়া ৭ দিনের মধ্যে যাবতীয় মালামাল সাইট হইতে অপসারণ করিয়া নিতে হইবে। সাইট পরিষ্কার করার পর তত্ত্বাবধায়ক প্রকৌশলী (জোন-২), ঢাকা বিশ্ববিদ্যালয় এর সুপারিশক্রমে জামানতের টাকা ফেরৎ দেওয়া হইবে।

ইচ্ছুক প্রতিষ্ঠান বা ব্যক্তিগনকে প্রতিদিন অফিস চলাকালীন সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের তত্ত্বাবধায়ক প্রকৌশলী (জোন-২) এর অফিস কক্ষের সামনে নিলামকৃত মালামাল পরিদর্শন করিতে পারিবেন। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে সর্বোচ্চ ডাককারীর দরসহ যে কোন ডাক বাতিল বা গ্রহন করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। কর্তৃপক্ষের সিদ্ধান্ত ডাককারীগন মানিয়া নিতে বাধ্য থাকিবেন।



(ইঞ্জিঃ মোঃ মেরাজ উদ্দিন)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (জোন-২)
ঢাকা বিশ্ববিদ্যালয়।

মেমো নং : ৩৪৭৬(২৫) প্রকৌঃ

তারিখ : ২/৩/২০২৩ বঙ্গাব্দ
২/৩/২০২৩ খ্রীষ্টাব্দ

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হইল :-

১. সহকারী প্রকৌশল, ড.লিটন কুমার সাহা, ঢাকা বিশ্ববিদ্যালয়।
২. এস্টেট ম্যানেজার, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৩. প্রধান প্রকৌশলী, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৪. পরিচালক(তথ্য ও যোগাযোগ প্রযুক্তি)সেল, ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হইল।
৫. উপ-রেজিস্ট্রার, উপাচার্যের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়। - মাননীয় উপাচার্যের সদয় অবগতির জন্য।
৬. প্রিন্সিপ্যাল স্টোর অফিসার, কোষাধ্যক্ষের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়। -- মাননীয় কোষাধ্যক্ষের সদয় অবগতির জন্য।
৭. সহঃ রেজিস্ট্রার, রেজিস্ট্রারের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৮. সহকারী প্রকৌশলী, প্রকৌঃ প্রীতম দত্ত, ঢাকা বিশ্ববিদ্যালয়। - নিলাম স্থানে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হইল।
৯. নোটিশ বোর্ড, প্রকৌশল দপ্তর-নোটিশ বোর্ডে দেয়ার জন্য অনুরোধ করা হইল।
১০. নোটিশ বোর্ড, রেজিস্ট্রারের অফিস।
১১. নোটিশ বোর্ড, পরিকল্পনা ও উন্নয়ন অফিস।
১২. নোটিশ বোর্ড, হিসাব পরিচালকের দপ্তর।
১৩. নোটিশ বোর্ড সকল ডিন অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১৪. নোটিশ বোর্ড সকল হল অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।


তত্ত্বাবধায়ক প্রকৌশলী (জোন-২)
ঢাকা বিশ্ববিদ্যালয়।

